



## জাতীয় বিশ্ববিদ্যালয় ও ৭৪ কলেজের চুক্তি সহ

প্রকাশিত: ২৭ - জুন, ২০১৯ ১২:০০ এ. এম.

- উচ্চশিক্ষার মানোন্নয়ন

কলেজ পর্যায়ে শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয় ও দেশের ৭৪ সরকারী-বেসরকারী কলেজের মধ্যে আজ মঙ্গলবার একটি চুক্তি সম্পাদিত হয়েছে। ইউজিসিতে এ সংক্রান্ত একটি চুক্তি স্বাক্ষরিত হয়। জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদ এবং নির্বাচিত কলেজের অধ্যক্ষ/প্রতিনিধিরা চুক্তিতে স্বাক্ষর করেন। কলেজ এডুকেশন ডেভেলপমেন্ট প্রজেক্টের (সিইডিপি)-আওতায় অনার্স ও মাস্টার্স পাঠদানকারী দেশের ১২২ কলেজকে প্রতিযোগিতার ভিত্তিতে প্রাতিষ্ঠানিক উন্নয়ন মঞ্জুরি প্রদান করা হবে। প্রথম পর্যায়ে ৭৪ কলেজকে এ, বি ও সি ক্যাটাগরিতে ৮ কোটি, ৪ কোটি এবং ২.৪০ কোটি টাকা প্রদান করা হবে। কলেজে শিখন-শিক্ষণ পরিবেশের মানোন্নয়ন, শিক্ষকদের প্রশিক্ষণ, শিক্ষার্থীদের কর্মক্ষেত্রে যুগোপযোগী করে গড়ে তোলার জন্য এ অর্থ সহায়তা প্রদান করা হচ্ছে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক ড. কাজী শহীদুল্লাহ। -বিজ্ঞপ্তি

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাস: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহ্যান্ডিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: [www.dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com) এবং [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com) || Copyright © All rights reserved by dailyjanakantha.com

